

শিক্ষার মান নিয়ে ইউজিসি উদ্বিগ্ন

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

। ঢাকা, সোমবার, ০৭ অক্টোবর ২০১৯

বিশ্ববিদ্যালয় মন্ত্রীজরি কমিশনের ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বলেছেন, ‘দেশের শিক্ষার মান নিয়ে ইউজিসি উদ্বিগ্ন। মানসম্মত শিক্ষা জাতি গঠনের জন্য খুবই গুরুত্বপূর্ণ। বিদ্যমান পরিস্থিতি উন্নতির জন্য ইউজিসি কাজ করে যাচ্ছে।’

তিনি গতকাল ইউজিসিতে আয়োজিত কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্পের (সিইডিপি) অগ্রগতি সম্পর্কিত এক সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

ড. কাজী শহীদুল্লাহ আরও বলেন, ‘শিক্ষকৃতা দ্রুত অর্থোপার্জন ও ধনী হওয়ার পেশা নয়, এটি জাতি গঠনে একটি মহৎ পেশা। যারা শিক্ষকৃতা পেশায় আসবেন তাদের নেতৃত্বে, ত্যাগ এবং দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। এটি সহজাত হওয়া উচিত। অর্থোপার্জনের জন্য এ পেশায় না আসাই ভালো। মেধাবীদের এ পেশায় নিয়োগ দেয়া উচিত।’

ইউজিসি চেয়ারম্যান কলেজ কর্তৃপক্ষকে নিয়োগ প্রাক্রিয়ায় যথাযথ ব্যক্তিদের অন্তর্ভুক্তির আহ্বান জানিয়ে বলেন, ‘অযোগ্য ও অদক্ষদের শিক্ষক হিসেবে নিয়োগ দিলে জাতি কান্তিমুক্ত ফল ভোগ করতে পারবে না। বাংলাদেশে স্নাতকদের অর্জিত

ফলাফল এবং প্রকৃত জ্ঞানে ব্যাপক পার্থক্য রয়েছে। আগে শিক্ষার্থীদের মেধাক্রম দেখে জ্ঞানের বিচার করা যেত। সে মোতাবেক তাদের নির্বাচন করা হতো। বর্তমানে অর্জিত গ্রেড পয়েন্টের সুস্থির প্রকৃত জ্ঞানের পার্থক্য রয়েছে। তাদের অর্জিত জ্ঞান ও দক্ষতা সন্তোষজনক নয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া ছেলেমেয়েরা ব্যর্থ হচ্ছে। এতে সমাজে সমস্যা তৈরি হচ্ছে।'

সভায় ইউজিসির পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. ফেরদৌস জামান, সিইডিপির প্রকল্প পরিচালক ড. একেএম মোখলেছুর রহমান এবং বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশন অফিসার ড. মোখলেছুর রহমান উপস্থিত ছিলেন।